

Mr. Tanvir / gmtear
২০/১২/২৩



চট্টগ্রাম সিটি কর্পোরেশন
গৃহীত
তাং... ২০/১২/২৩
৬-৬-৪৩ ডি স্বাক্ষর

১৪নং লালখান বাজার ওয়ার্ড
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটি

১৪নং লালখান বাজার ওয়ার্ড এর জন্য গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটি প্রথম সভার কার্য বিবরণ:

সভাপতি: আবুল হাসনাত মো: বেলাল
কাউন্সিলর, ১৪নং লালখান বাজার ওয়ার্ড

ও

সভাপতি: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন (WLCC) কমিটি

সভার স্থান:- ১৪নং লালখান বাজার ওয়ার্ড কার্যালয়

সভার তারিখ: ১৯/১২/২০২৩ খ্রিস্টাব্দ, সময়: সকাল ১১ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরযুক্ত তালিকা পরিশিষ্ট "ক"

সভার আলোচ্যসূচী:-

- ❖ এলাকার সার্বিক উন্নয়ন কার্যক্রম নিয়ে আলোচনা
- ❖ পরিস্কার পরিচ্ছন্নতা ও আলোকায়ন নিয়ে আলোচনা
- ❖ বিবিধ
- ❖ সভার শুরুতে সভাপতি উপস্থিত (WLCC) কমিটির সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। সভাপতি প্রথম সভায় উপস্থিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকায় আন্তরিক অভিনন্দন জানান।
- ❖ সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মো: মুজিবুর রহমান (ওয়ার্ড সচিব) আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন এবং প্রথম সভা হিসেবে উন্মুক্ত আলোচনা করার জন্য সকলের নিকট অনুরোধ জানান।
- ❖ সভাপতির অনুমতিক্রমে (WLCC) কমিটির অন্যতম সদস্য জনাব মো: কাউসারুজ্জামান সবাইকে স্বাগত জানিয়ে এই ধরনের সভা আহবান করায় কাউন্সিলর তথা (WLCC) কমিটির সভাপতিকে আন্তরিক ধন্যবাদ জানান। নিরাপদ লালখান বাজার গড়ার নির্বাচনি প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হওয়ার পর থেকে মাদক, সন্ত্রাসমুক্ত ওয়ার্ড গড়ার বিষয়ে দলমত নির্বিশেষে সকলের সহযোগিতা নিয়ে এলাকার সার্বিক উন্নয়ন কাজ পরিচালনা করে আসছেন। ইতিমধ্যে উত্তর লালখান বাজার ডেবার পারস্থ গরীবুল্লাহ হাউজিং সোসাইটি, বায়তুল আমান আ/এ ও কুসুমবাগ আ/এ এর প্রধান সড়ক সমূহের কার্পেটিং এবং উক্ত সোসাইটি সমূহের নালা নর্দমা সংস্কারসহ নালা ভরাট মাটি উত্তোলনের ব্যবস্থা গ্রহন করায় বর্ষা মৌসুমে কোন রকম জলাবদ্ধতার সৃষ্টি না হওয়ায় এলাকা বাসীর পক্ষ থেকে তিনি সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
- ❖ কমিটির অপর সদস্য জনাব শেখ দেলোয়ার হোসেন সভাপতি এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন আজকের সভার সভাপতি কাউন্সিলর নির্বাচিত হওয়ার পর থেকে সচ্ছতা এবং জবাবদিহিতার মাধ্যমে সকল কার্যক্রম সম্পাদন করে আসছেন। শুধু তাই নয় তিনি তার ফেসবুকের WHATSAPP গ্রুপ এর মাধ্যমে যে কোন জায়গায় নালা নর্দমার সমস্যা কিংবা বৈদ্যুতিক বাতির কোন অভিযোগ পাইলে সাথে সাথে ওয়ার্ডের কর্মরত সংশ্লিষ্ট তদারককারী কর্মচারীর মাধ্যমে দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহন করার ফলে এলাকাবাসী খুবই সন্তোষ প্রকাশ করেন।
- ❖ কমিটির অপর সদস্য আলমগীর হোসেন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন পরিস্কার পরিচ্ছন্নতা সহ মশক নিধন কার্যক্রম সৃষ্টিভাবে পরিচালনার জন্য ওয়ার্ডে আরও বেশি জনবল থাকা প্রয়োজন বলে মনে করেন। ঘনবশতি এলাকা হওয়াতে অত্র এলাকায় ডেবুর প্রাদুর্ভাব ও মশাবাহিত রোগ বেড়ে যাওয়ার কারণে পর্যাপ্ত মশার ঔষধ চিটানোর ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।
- ❖ কমিটির সহ সভাপতি ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব আঞ্জুমান আরা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য বলেন ওয়ার্ডের সকল বিষয়ে তথ্য প্রদানের জন্য সিটি কর্পোরেশনের প্রকৌশল, রাজস্ব, স্বাস্থ্য ও পরিচ্ছন্ন বিভাগ থেকে একজন করে উপযুক্ত প্রতিনিধি কমিটিতে কো-অপট করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।



পাতা - ২

উক্ত বিভাগ সমূহের প্রতিনিধিদের কমিটিতে অন্তর্ভুক্ত করা হলে এলাকার সকল বিষয়ে তথ্য পাওয়া এবং তার সমাধান করা কমিটির পক্ষে সহজ হবে বলে তিনি সভাকে অবহিত করেন।


- ❖ সভাপতির বক্তব্যে (WLCC) কমিটির সভাপতি ও ওয়ার্ড কাউন্সিলর আবুল হাসনাত মোঃ বেলাল উপস্থিত সকলের বক্তব্য মনোযোগ সহকারে শুনেন এবং তাদের বক্তব্যের প্রেক্ষিতে তাদের প্রস্তাব সমূহ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে C4C এর সভায় উপস্থাপন করার লক্ষ্যে সভার কার্যবিবরণী দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে স্বল্প সময়ের নোটিশে (WLCC) কমিটির সদকল সদস্যগণ যথাসময়ে সভায় অংশগ্রহণ করায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল হাসনাত মোঃ বেলাল)
কাউন্সিলর, ১৪নং লালখান বাজার ওয়ার্ড
ও সভাপতি, (WLCC) কমিটি

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. মেয়র, মহোদয়ের সদয় অবগতির জন্য তাহার একান্ত সচিব।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, মহোদয়ের সদয় অবগতির জন্য তাহার ব্যক্তিগত সহকারী।
৩. সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাহার ব্যক্তিগত সহকারী।



(আবুল হাসনাত মোঃ বেলাল)
কাউন্সিলর, ১৪নং লালখান বাজার ওয়ার্ড
ও সভাপতি, (WLCC) কমিটি

আবুল হাসনাত মোঃ বেলাল
কাউন্সিলর
১৪নং লালখান বাজার ওয়ার্ড
ছাত্তাখান সিটি কর্পোরেশন